বাকেরগঞ্জ উপজেলা পরিষদের নভেম্বর ২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোহাম্মদ শামসুল আলম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
বাকেরগঞ্জ, বরিশাল।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।
সভার তারিখ ঃ ২৫ নভেম্বর ২০২১
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যদের হাজিরা রেজিষ্ট্রারে সংরক্ষিত।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কোন সংশোধনী না থাকায় উহা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর বিভাগ ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিভাগ | বিষয়বস্তু | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সভায় কোভিড-১৯ এর অবস্থা সম্পর্কে সভায় অবহিত করেন। তিনি সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্স, বাকেরগঞ্জে অদ্য পর্যন্ত মোট ১,৪০,৫৫০ জন নিবন্ধন করেছেন এর মধ্যে ১২১৪১১ জনকে ১ম ডোজ এবং ৮১৪৯২ জনকে ২য় ডোজ টিকা দেয়া হয়েছে। টিকা কার্যক্রম চলমান আছে। দেশে বর্তমানে কোন টিকার সমস্যা নেই। স্কুল কলেজের ছাত্র ছাত্রীদের ফাইজারের ১১৮৪৬ জনকে ১ম ডোজ টিকা প্রদান করা হয়েছে।টিকা কার্যক্রম চলাকালীন যাতে কোন বিশৃংখলা না হয় সে জন্য সকলের সহযোগীতা কামনা করেন। | পৌর মেয়র সহ সকল ইউনিয়ণ চেয়ার ম্যান গণকে টিকার নিবন্ধন করার জন্য জনগণকে উৎসাহিত করার জন্য অনুরোধ জানানো হয়। |
| ২। কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, বর্তমানে মাঠে রোপা আমন ফসলের অবস্থা ভাল। রবি মৌসুমে অত্র উপজেলায় কৃষি প্রনোদনা কর্মসূচীর আওতায়(গম, ভুট্টা, সরিষা, সূর্য্যমুখী, খেশারী, মুগ) বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার সহায়তা প্রদান কার্যক্রম চলমান আছে। সার ও বীজের কোন সংকট নাই। সার্বিক অবস্থা সন্তোষজনক। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা কৃষি অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| ৩। প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান যে,তাঁর দপ্তরের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা কৃষি অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| ৪। মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, আগামী ১লা ডিসেম্বর/২০২১ তারিখে দেশীয় প্রজাতির মৎস্য চাষ প্রকল্পের আওতায় সচেতনতা সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। এছাড়াও তিনি মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২১ সফল করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। মৎস্য অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা মৎস্য অফিসার-কে অনুরোধ জানানো হয়। |

| | | |
|---|---|---|
| ৫। প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে চলছে । কোন সমস্যা নেই । তিনি সভায় আরো জানান যে, ২০১৮-১৯ অর্থ বছরের বরাদ্দ থেকে বাস্তবায়িত অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প মহেশপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় পূণঃ নির্মাণ( প্যাকেজ নং INF -21018-19-100607-02) এর ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স রুবি এন্টার প্রাইজ প্রাক্কলন মোতাবেক সুষ্ঠভাবে সম্পন্ন করেছেন । | ১।দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।<br><br>২। বিস্তারিত আলোচনান্তে প্যাকেজের চুক্তিমূল্য ভ্যাট ট্যাক্স ব্যাতীত টাকা ১৩,৫৩,২৪০/-তেরো লক্ষ তিপ্পান্ন হাজার দুইশত চল্লিশ) এবং ভ্যাট- ট্যাক্স সহ টকা ১৫,১২,০০০/-( পনেরো লক্ষ বারো হাজার ) চুড়ান্ত বিল অনুমোদন করা হয় । উক্ত কাজের বিল পরিশোধের জন্য বিলের কপি সহ প্রয়োজনীয় ডকুমেন্ট সমূহ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ব্যবস্থাপনা ইউনিট, ঢাকায় প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় । |
| ৬। পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| ৭। সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা উপজেলা সমাজসেবা অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| ৮। প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, তার দপ্তরের সামনে দুইটি ছোট গাছ বন্যায় দীর্ঘদিন যাবত পরে আছে। গাছ দুইটি নিলামে বিক্রিয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানান । | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা বন কর্মকর্তাকে গাছ দুইটির মূল্য নির্ধারণপূর্বক বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয় । |
| ৯। মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | শিক্ষার মান বৃদ্ধির লক্ষে সরকারি সিদ্ধান্ত যথাযথভাবে পালন করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়। |
| ১০। পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে।তিনি সভায় আরো জানান যে, বাকেরগঞ্জ উপজেলার বি আরডিবি অফিসের বিভিন্ন প্রকল্প কর্মসূচীতে মোট ১ (এক ) কোটি টাকা খেলাপী ঋন মাঠে সদস্যদের নিকট পাওনা রয়েছে । উক্ত সরকারি টাকা দ্রুত আদায় করা একান্ত প্রয়োজন । উক্ত সরকারি টাকা আদায়ের জন্য ইতিমধ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহনকরা সত্বেও তেমন সুফলজনক ভাবে আদায় হচ্ছেনা। তাই সভায় উপস্থিত সন্মানীত সকল চেয়ারম্যান মহোদয় সহ সংশ্লিষ্ট সকলকে খেলাপী ঋন আদায় কার্যক্রমে সকলের সহযোগীতা কামনা করেন । | খেলাপী ঋন আদায়ে সহযোগিতা করার জন্য মেয়র ও সকল ইউনিয়ন চেয়ারম্যাগণকে অনুরোধ জানানো হয় এবং দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| ১১। মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে,তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা সমাজসেবা অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| ১২। উপজেলা সমবায় বিভগ | উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, দ্রুততা ও আন্তকিতা সাথে তার দপ্তর হতে নাগরিক সেবা প্রদান করা হয় । এ ছাড়াও ২০২০-২০২১ অর্থ বছরে অত্র কার্যালয় প্রাথমিক সাধারণ ১৩৪টি সমিতির অডিট বরাদ্দ হয়েছে । নভেম্বর/২১ পর্যন্ত ৭৮টি সমিতির অডিট সম্পাদন করা হয়েছে । ২০২০-২০২১ অর্থ বছরে সমিতির অডিট ফি বাবদ১১৪৭৮০/- টাকা এবং সমবায় উন্নয়ন তহবিল বাবদ ৪৩৬৭৯/- টাকা ধার্য্য ও আদায় করে চালানের মাধ্যমে ব্যাংকে জমা দেয়া হয়েছে। তিনি আরো জানান যে, আলোচ্য বছরে ৫৭জন সমবায়ীকে প্রশিক্ষণে প্রেরণ করা হয়েছে । | এ বিষয় আলোচনান্তে দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে সম্পাদনের জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ জানানো হয় । |

| | | |
|---|---|---|
| ১৩। যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে,তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। |
| ১৩। ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের স্বাভাবিক কার্যক্রম চলমান আছে । টি আর, কাবিখা কার্যক্রম চলমান আছে। দ্রুত শীত বস্ত্র/ কম্বল ইউনিয়ন চেয়ারম্যানগণকে বিভাজন করে বিতরণ করা হবে । | টি আর কাবিখা সহ সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। |
| ১৪। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী সভায় জানান যে, বর্তমান অর্থ বছরে নলকূপ স্থাপন কাজ চলমান আছে এবং PEDP -4 প্রকল্পের আওতায় ৩৫টি বিদ্যালয়ে ওয়াশ ব্লোক এর কাজ চলমান আছে । অফিসের অন্যান্য কাজ সুষ্ঠভাবে চলছে । | চলমান কাজগুলো দ্রুত শেষ করার জন্য অনুরোধ জানানো হয় । |
| ১৫। বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, বাকেরগঞ্জ এস.এফ.পিসি সভায় জানান যে, ১৯৯৯-২০০০ সনের পদ্রীশিবপুর বিসমিল্লা বাজার হতে খন্দকার বাড়ি পর্যন্ত ৩(তিন) কিলোমিটার ও ১৯৯৮-১৯৯৯ সনের ফরিদপুর খেয়াঘাট হতে ঋষিবাড়ি পর্যন্ত ১০(দশ) কিলোমিটার বাগান কর্তনপূর্বক ২য় বার বাগান সৃজন। কলসকাঠি খাদ্যগুদাম হতে ঢাপরকাঠী ও বাবুর পুলের পূর্ববাড় হতেহ জলির গাজীর বাড়ি পর্যন্ত এবং তুলাতলী ব্রীজ হইতে রবিপুর বাজার পর্যন্ত ঝুকিপূর্ণ ও হেলেপড়া গাছ অপসারনের জন্য সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। ২০২১-২০২২ সনে সুফল প্রকল্পের আওতায় নলুয়া ইউনিয়নের আফালকাঠি হতে সোনামদ্দিনের বাড়ি পর্যন্ত ৫(পাঁচ) কিলোমিটার বাগান সৃজন করা হবে । বিষয়টি সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয় | সভায় আলোচনান্তে উপস্থাপিত প্রকল্পকগুলি অনুমোদন করা হয় এবং দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা উপজেলা বন কর্মকর্তাকে-কে অনুরোধ জানানো হয়। |
| ১৬। উপজেলা আনসারভিডিপি বিভাগ | উপজেলা আসার ও ভিডিপি কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সভায় জানান তার দপ্তরের দাপ্তরিক কার্যাবলী যথা নিয়মে চলছে । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা-কে অনুরোধ জানানো হয়। |
| ১৭। উপজেল খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য অফিসার সভায় জানান যে, খাদ্যবান্দব কর্মসূচীর আওতায় ১০/- টাকা কেজি দরে চাল ক্রয়ের সুবিধাভোগী তালিকায় কোন মৃত ব্যক্তি,একই পরিবারের একাধিক ব্যক্তি, ভূয়া কোন নাম, এবং ভিজিডি প্রাপ্ত কোন ব্যক্তির নাম থাকলে তাসংশোধন করে তালিকা প্রস্তুত করে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের কার্যালয়ে জমা প্রদানের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানা । | দ্রুত সংশোধিত তালিকা প্রস্তুত করে উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়ে জমা প্রদানের জন্য অনুরোধ জানানো হয় । |
| বিবিধ | ক) উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, উপজেলা পরিষদের আওতাভুক্ত বাসাবাড়ীর এলাকায় জঙ্গল পরিকস্কার, ড্রেন এবং সেপটিক ট্যাংক পরিস্কার করা প্রয়োজন । উক্ত কাজগুলি করার জন্য উপজেলা প্রকৌশলী বাকেরগঞ্জ ২,০০,০০০/- টাকার প্রাক্কলণ সভায় উপস্থাপন করেন ।<br>খ) সভাপতি সভায় জানান যে, তাঁর অফিস কক্ষ টাইলস স্থাপন এবং নন-গেজেটেড কোয়ার্টারের বাউন্ডারী ওয়াল (৩০ ফুট) ধ্বসে পড়ায় উহা জরুরী ভিত্তিতে নির্মান করা প্রয়োজন । উপজেলা প্রকৌশলী বাকেরগঞ্জ উক্ত কাজ বাস্তবায়নের জন্য ১,৬০,২২০/-(এক লক্ষ ষাট হাজার দুইশত বিশ) টাকার প্রাক্কলণ সভায় উপস্থাপন করেন । | ক) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের আওতাভুক্ত এলাকার জঙ্গল পরিকস্কার, ড্রেন এবং সেপটিক ট্যাংক পরিস্কারের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা প্রকৌশলী কর্তৃক দাখিলকৃত প্রাক্কলন সভায় অনুমোদন করা হয়। উক্ত কাজ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পিআইসির মাধ্যমে মিটানোর সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>খ)সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত প্রাক্কালন সভায় অনুমোদন করা হয় এবং উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মিটানোর সর্বস্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |

সভায় অন্য কোন আলোচ্য সূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোহাম্মদ শামসুল আলম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বাকেরগঞ্জ
ও সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা

স্মারক নং-০৫.১০.০৬০৭.০০০.০৬.০০১.১৬-১০৮০

তারিখ ঃ ২৫ নভেম্বর ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১২৪, বরিশাল-৬ (বাকেরগঞ্জ) নির্বাচনী এলাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪। জেলা প্রশাসক, বরিশাল।
৫। মেয়র, বাকেরগঞ্জ পৌরসভা, বরিশাল।
৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বাকেরগঞ্জ, বরিশাল।
৭। উপজেলা.................................................অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।
৮। চেয়ারম্যান..........................................(সকল) ইউপি, বাকেরগঞ্জ, বরিশাল।

২৫-১১-২১

(মাধবী রায়)
উপজেলা নির্বাহী অফিসার
বাকেরগঞ্জ, বরিশাল

| | | |
|---|---|---|
| | অনুরোধ করেছেন।<br>পূর্বের প্রেরিত প্রস্তাব এলজিইডি'র রোড ইনভেন্টরি ও আইডি অনুসারে প্রেরণ করা হয়নি। এখন এলজিইডি'র রোড ইনভেন্টরি ও আইডি অনুসারে প্রস্তাব প্রেরণ করা যেতে পারে। | |
| | ২। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, গত ০১/০২/২০২২ তারিখ জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয় থেকে ফেরী বা লঞ্চ সার্ভিস চালুর বিষয় একখানা পত্র পাওয়া গিয়েছে । উক্ত পত্রে আগামী জুন/২০২২ মাসে পদ্মা সেতু উদ্বোধন করা হলে মাওয়া, শিমুলিয়া , বাঙলা বাজার ও মাঝি কান্দি দিয়ে ফেরী সার্ভিসের প্রয়োজনীয়তা কমে যাবে বিধায় বরিশাল জেলার কোন উপজেলায় ফেরি বা লঞ্চ সার্ভিস চালুর প্রয়োজনীয়তা থাকলে তা জানানোর জন্য পত্র খানা সভায় উপস্থাপন করা হয় । এ প্রেক্ষিতে চেয়ারম্যান দুর্গাপাশা সভায় জানান যে, তার ইউনিয়নের ১। দুর্গাপাশা লঞ্চঘাট থেকে মতুব্বর হাটে টারমিনাল সহ ফেরী স্থাপনের এবং ২। পাটকাঠী থেকে সরষী লঞ্চঘাটে ফেরী ঘাট স্থাপনের প্রস্তাব করেন । চেয়ারম্যান কলসকাঠি তার ইউনিয়ন তার ইউনিয়নে সাহেবগঞ্জ থেকে কলসকাঠি ইউনিয়নের বেবাজ একটি ফেরীঘাট স্থাপনের প্রস্তাব করেন। চেয়ারম্যান নলুয়া তার ইউনিয়নের আফালকাঠি লঞ্চঘাট থেকে বাউফল উপজেলার কারখানা লঞ্চঘাট পর্যন্ত একটি ফেরীঘাট স্থাপনের প্রস্তাব করেন । চেয়ারম্যান ভরপাশা তার ইউনিয়নে ৫নং ওয়ার্ডের দুধল মৌ নয়া রাস্তার মাথায় লঞ্চঘাট স্থাপনের প্রস্তাব করেন । | ২। সভায় বিস্তারিত আলোচনান্তে ফেরীঘাট ও লঞ্চঘাট স্থাপনের প্রস্তাবগুলি সভায় সর্বসম্মতি ক্রমে গৃহীত হয় এবং প্রস্তাবগুলি জেলা প্রশাসকের মাধ্যমে চেয়ারম্যান, বি আইডব্লিটিসি এর বরাবরে প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয় । |
| | ৩। ১২৪, বরিশাল-৬ আসনের মাননীয় সংসদ সদস্য বেগম নাসরিন জাহান রতনা এর প্রতিনিধি জনাব মানিক হোসেন হাওলাদার মাননীয় সংসদ সদস্যের পক্ষ থেকে সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান । বাকেরগঞ্জ উপজেলার উন্নয়ন মূলক কাজের জন্য তিনি আন্তরিকভাবে চেষ্টা করে যাচ্ছেন । ডিংগার হাট থেকে গান্দি আশ্রম কলসকাঠির রাস্তাটি মাননীয় সংসদ সদস্যের চেষ্টায় টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হয়েছে । বাকেরগঞ্জ বাসস্টান্ড ও সিনেমা হল চৌরাস্তায় ২টি ওভারব্রিজ নির্মানের জন্য তিনি চেষ্টা করেছেন যাহা ইতোমধ্যে অনুমোদন হয়েছে । তার চেষ্টায় বাকেরগঞ্জ স্টেডিয়াম টেন্ডার প্রক্রিয়ার কার্যক্রম চলমান । তিনি সভায় আরো জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর মুজিবর্ষের উপহার গৃহহীন পরিবার কে গৃহ প্রদান প্রকল্পের চলাচলের জন্য রাস্তার প্রয়োজন হলে সে করে দিবে মর্মে জানান । | ৩। সভায় উপস্থিত সকল সদস্যগণের পক্ষ থেকে মাননীয় সংসদ সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করা হয় । |

স্মারক নং-০৫.১০.০৬০৭.০০০.০৬.০০১.১৬-১৩৯ তারিখ ঃ ২৪ ফেব্রুয়ারি,২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১২৪, বরিশাল-৬ (বাকেরগঞ্জ) নির্বাচনী এলাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪। জেলা প্রশাসক, বরিশাল।
৫। মেয়র, বাকেরগঞ্জ পৌরসভা, বরিশাল।
৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বাকেরগঞ্জ, বরিশাল।
৭। উপজেলা..................................................অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।
৮। চেয়ারম্যান............................................(সকল) ইউপি, বাকেরগঞ্জ, বরিশাল।

24-02-22

(মাধবী রায়)
উপজেলা নির্বাহী অফিসার
বাকেরগঞ্জ, বরিশাল